

চাকরি জাতীয়করণ দাবি

১২ জানুয়ারি থেকে লাগাতার
ধর্মঘটে যাচ্ছে শিক্ষক
কর্মচারী ঐক্যজোট

জবি বিপোর্টার : চাকরি জাতীয়করণের দাবিতে ১২ জানুয়ারি থেকে শিক্ষা প্রতিষ্ঠানে লাগাতার ধর্মঘট, ১৯ জানুয়ারি মহাসমাবেশ করার ঘোষণা দিয়েছে শিক্ষক-কর্মচারী ঐক্যজোট নামের একটি সংগঠন। গতকাল (সোমবার) বিকাল ৩টার সংগঠনের কার্যালয়ের এক সভা শেষে জোটের নেতারা এ ঘোষণা দেয়। সভায় সভাপতিত্ব করেন জোটের চেয়ারম্যান অধ্যক্ষ নূর আফরোজ বেগম খোঁতা। বক্তব্য বলেন, গত ৩০ ডিসেম্বর মানববন্ধন ও বিক্ষোভ মিছিলসহ প্রধানমন্ত্রী মহোদয়কে ৫ সদস্যবিশিষ্ট একটি প্রতিনিধি দল স্মারকপিপি প্রদান করার পর ৭ তারিখ পর্যন্ত সময় বেঁচে

দেয়। চাকরি জাতীয়করণের ঘোষণা পাওয়ার জন্য। কিন্তু কোন অগ্রগতি নেই তাই ১২ জানুয়ারি থেকে কলেজ, স্কুল, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসহ ঐক্যজোটের অধীনে সকল শিক্ষা প্রতিষ্ঠানে লাগাতার ধর্মঘট চাপানোর সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। এর মধ্যে দাবিমান না হলে জাতীয় শিক্ষক দিবসকে সামনে রেখে ১৯ জানুয়ারি মহাসমাবেশের ঘোষণা দেন নেত্রুবন্দ। সভায় বক্তব্য রাখেন জোটের মহাসচিব মুহম্মদ আব্বাস আলী খান, নির্বাহী চেয়ারম্যান অধ্যক্ষ মোহাম্মদ ইউনুস মোস্তাফিজ, হাকিমিস সভাপতি অধ্যক্ষ মোঃ ইমদাদুল রহমান, অধ্যাপক গোলাম রসূল সানি প্রমুখ।